গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**অর্থ মন্ত্রণালয়**
**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**(কাস্টমস ও মূল্য সংযোজন কর)**

**প্রজ্ঞাপন**

তারিখ: **১৫ জ্যৈষ্ঠ, ১৪৩১** বঙ্গাব্দ/ **২৯ মে, ২০২৪** খ্রিষ্টাব্দ

**এস.আর.ও. নং ১৮৮-আইন/২০২৪/৪০/কাস্টমস।-** সরকার, কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ২৫ এর উপ-ধারা (১), মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, জনস্বার্থে, বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১০ সনের ৮ নং আইন) এর ধারা ১৭ এর বিধান অনুযায়ী হাই-টেক পার্ক প্রতিষ্ঠার লক্ষ্যে উক্ত আইনের ধারা ২০ অনুসারে নিয়োগপ্রাপ্ত ডেভেলপারকে হাই-টেক পার্ক উন্নয়ন কাজে ব্যবহার্য পণ্য আমদানিতে উহার উপর আরোপণীয় উক্ত আইনের প্রথম তফসিলে উল্লিখিত কাস্টমস শুল্ক (Customs Duty) যেই পরিমাণ মূল্যভিত্তিক ৫% (পাঁচ শতাংশ) এর অতিরিক্ত হয়, সে পরিমাণ এবং সমুদয় রেগুলেটরী শুল্ক, সম্পূরক শুল্ক এবং মূল্য সংযোজন কর প্রদান হইতে, নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে, অব্যাহতি প্রদান করিল, যথা:-

**<u>শর্তাবলি</u>**

(১) হাই-টেক পার্ক ডেভেলপারকে মূল্য সংযোজন কর নিবন্ধিত হইতে হইবে;

(২) এই প্রজ্ঞাপনের আওতায় পণ্য আমদানির ক্ষেত্রে পণ্যের নাম, বিবরণ, পরিমাণ সংক্রান্ত তথ্য হাই-টেক পার্ক কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত ও প্রত্যায়িত হইতে হইবে:

তবে শর্ত থাকে যে, বাংলাদেশে সহজলভ্য এমন নির্মাণ সামগ্রী যথা, এমএস রড/বার, সিমেন্ট, প্রি-ফেব্রিকেটেড বিল্ডিং, আয়রন/স্টিল সীট আমদানিতে এই অব্যাহতি সুবিধা প্রযোজ্য হইবে না; এবং

(৩) হাই-টেক পার্ক উন্নয়ন এবং নির্মাণের সহিত সরাসরি সম্পৃক্ত নয় এরূপ কোন পণ্য যথা, অফিস সরঞ্জামাদি, এয়ারকন্ডিশনার, রেফ্রিজারেটর, যাত্রীবাহী যানবাহন, গৃহস্থালী-ব্যবহার্য দ্রব্যাদি এবং অনুরূপ অন্যান্য পণ্য আমদানিতে এই অব্যাহতি সুবিধা প্রযোজ্য হইবে না।

২। ৬ ডিসেম্বর, ২০১৫ খ্রিষ্টাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং ৩৫২-আইন/২০১৫/৬০/কাস্টমস এতদ্দ্বারা রহিত করা হইল।

৩। এই প্রজ্ঞাপন ৬ জুন, ২০২৪ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইবে।

**রাষ্ট্রপতির আদেশক্রমে,**

**স্বাক্ষরিত/-**
**আবু হেনা মোঃ রহমাতুল মুনিম**
**সিনিয়র সচিব।**